গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-৬ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০ তারিখ : ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

**প্রজ্ঞাপন**

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule 1 of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখ বুধবার নির্বাহী আদেশে এক দিনের সরকারি ছুটি ঘোষণা করিল। ছুটিকালীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংক কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(এ.বি.এম. আবু বাকার ছিদ্দিক)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.২৫- ৬৬৫ তারিখ: ১৫ পৌষ, ১৪৩২ / ৩০ ডিসেম্বর, ২০২৫

উপর্যুক্ত সূত্রের নির্দেশনার পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকারের সাবেক প্রধানমন্ত্রী এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আগামী ৩১/১২/২০২৫ তারিখ বুধবার নির্বাহী আদেশে ০১ (এক) দিনের সরকারি ছুটি ঘোষনা করা হয়েছে। ছুটিকালীন সকল সরকারি ও বেসরকারি মাদ্রাসা বন্ধ থাকবে।

সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৩০/১২/২০২৫খ্রি.
ফিরোজ আল মাহমুদ (২৫৮৪৬)
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান ........(সকল সরকারি/বেসরকারি মাদ্রাসা)

ফিরোজ আল মাহমুদ (২৫৮৪৬)
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর